

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা ঢাকা-১০০০

প্রেস রিলিজ

চট্টগ্রাম থেকে কোটি টাকার ভিওআইপি সরঞ্জাম উদ্ধার

ঢাকা, তারিখ-১৭/১০/১২ ইং

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ সংস্থা বিটিআরসি ও র‍্যাব-৭ গোপন সংবাদের ভিত্তিতে বিটিআরসির স্থানীয় কর্মকর্তা সহ সকাল সাড়ে সাতটার দিকে চট্টগ্রামের হাটহাজারী উপজেলার নজু মিয়া হাট এলাকায় যৌথ অভিযান চালিয়ে কোটি টাকা মূল্যের বিপুল পরিমাণ ভিওআইপি সরঞ্জাম উদ্ধার করেছে। উদ্ধার করা সরঞ্জামের মধ্যে ভিওআইপি কাজে ব্যবহৃত ৫টি চ্যানেল বক্স, ২টি কুইন্টাম, রাউটার, রাডার অ্যান্টিনা, ব্যাটারি, ইউপিএস, বিভিন্ন অপারেটর রের ৫০০ সিম কার্ড এবং একটি লার্জ স্কেল ভি-স্যাট মডেম রয়েছে।

অপারেশন সম্পর্কে বিটিআরসির চট্টগ্রাম মনিটরিং সেলের কর্মকর্তা জানিয়েছেন, এসময় সন্দেহের তালিকায় থাকা নজুমিয়ার হাটের একটি বাসায় গিয়ে সেখানে কাউকে না পেয়ে তালা ভেঙে অবৈধ ভিওআইপি কাজে ব্যবহৃত সরঞ্জাম উদ্ধার করি। ওই বাসার অপটিক্যাল ফাইবার সংযোগের সূত্র ধরে প্রায় চার কিলোমিটার দূরে শেখ ফরিদ মার্কেটের দোতলায় অভিযানে গিয়ে একটি তালাবদ্ধ দোকানের সন্ধান পাওয়া যায়। মার্কেটের মালিকের উপস্থিতিতে দোকানের তালা ভেঙে আরও কিছু সামগ্রী পাওয়া যায়। এসময় একটি তার অনুসরণ করে পাশের টেক কম্পিউটার মার্কেটের ৫তলা ভবনের ছাদ থেকে লার্জ স্কেলের ভিস্যাট উদ্ধার করা হয়।

যে পরিমাণ ভিওআইপি সামগ্রী উদ্ধার হয়েছে তাতে মনে হচ্ছে এদের নেটওয়ার্ক খুব শক্ত। এরা সরকারকে বিপুল পরিমাণ রাজস্ব ফাঁকি দিয়ে অবৈধভাবে ভিওআইপি ব্যবসা পরিচালনা করে আসছিল। পুরো নেটওয়ার্কের সন্ধান না পাওয়া পর্যন্ত যৌথ অভিযান চলবে বলে জানানো হয়।

অভিযানের খবর পেয়ে জাহাঙ্গীর পালিয়ে যান। তবে তার পাসপোর্ট জব্দ করা হয়েছে বলে র‍্যাব-৭ এর কমান্ডার নূরুজ্জামান জানান।

নূরুজ্জামান বলেন, মার্কেটের মালিক আমাদের জানিয়েছেন, জাহাঙ্গীর নামে এক ব্যক্তি ডিশ ব্যবসার কথা বলে তার কাছ থেকে দোকানটি ভাড়া নিয়েছেন। কিন্তু ডিশ ব্যবসার আড়ালে সেটিকে ভিওআইপি ব্যবসার রাডার স্টেশন হিসেবে ব্যবহার করা হচ্ছিল। সব ধরনের বিদেশি কল ওই স্টেশনে ডাউনলোড করা হত।

মোঃ জাকির হোসেন খাঁন
সহকারী পরিচালক (মিডিয়া উইং)
বিটিআরসি
০১৫৫২২০২৮৪০